



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৩৫২/বিবিধ/৩০২

তারিখ: ০২/০৩/২০২৬ খ্রি.


বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র সভাপতির দায়িত্ব পালনের মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে।

- সূত্র: ১. শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০০০.০৭২.৪৪. ০০০২.২৫.৫৯, তারিখ: ১৫/১১/২০২৫ খ্রি.
২. এ বোর্ডের স্মারক নং- বিবিধ/কলেজ/২০২০/৪০৯২, তারিখ: ১৬/১১/২০২৫ খ্রি.
৩. শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৯৯. ০০৮.২৩.১৪, তারিখ: ১৫/০১/২০২৬ খ্রি.
৪. শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৯৯. ০০৮.২৩.৩২, তারিখ: ০২/০৩/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্র নং- ১ এর নির্দেশনা মোতাবেক সূত্র নং ২ ও ৩ এর আলোকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪- এর ৬৯ অনুচ্ছেদ মূলে গঠিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র সভাপতির দায়িত্ব পালনের মেয়াদ সূত্র নং- ০৪ এর নির্দেশনাক্রমে আগামী ৩১/০৩/২০২৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য, একই সাথে দায়িত্বপ্রাপ্ত সভাপতির স্বাক্ষরে বেতনের সরকারি অংশ (এমপিও)-এর সাথে স্কুল/কলেজ ফান্ড হতে প্রদত্ত বেতন ভাতাদির প্রাপ্ত অংশের বিল প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তি: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর পত্র


02.3.2026

প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির
চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান


02.03.2026

